তারিখ ... 25 DEC 1991 ...
পৃষ্ঠা ... ২ ... ক... ৪ ...

দৈনিক সংবাদ

এমএ প্রথম পর্ব পরীক্ষা

# সাদত কলেজ কেন্দ্রে বহিরাগতদের হামলা ভাংচুর ।। খাতা ছিনতাই

টাঙ্গাইল, ২৪শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– আজ করটিয়া সরকারী সাদত বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে এমএ প্রথম পর্ব পরীক্ষা চলাকালে ব্যাপক গোলযোগ, আসবাবপত্র ভাংচুর এবং পরীক্ষার খাতা ছিনতাইয়ের কারণে নির্ধারিত সময়ের ১ ঘন্টা পূর্বেই পরীক্ষা বন্ধ হয়ে যায়। সকাল ৯টায় শান্তিপূর্ণভাবে পরীক্ষা শুরু হয়। বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান এবং হিসেব বিজ্ঞান তৃতীয় পর্বের পরীক্ষার প্রায় সাড়ে ৭শ' ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। জেলা প্রশাসক কয়েকজন ম্যাজিস্ট্রেটসহ সকালে পরীক্ষা কেন্দ্রে যান এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন।

এ নিয়ে পরীক্ষার হলের বাইরে উত্তেজনা বৃদ্ধি পেতে থাকে এবং বেলা ১২টার দিকে কলেজ প্রাঙ্গণে কয়েকটি বোমা বিস্ফোরিত হয়। বোমা বিস্ফোরণের পরপর বহিরাগতরা পরীক্ষার হলে ঢুকে পড়ে।

42